রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"


# বাংলাদেশ গেজেট

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, মার্চ ১১, ২০২১**


## ২য় খণ্ড

## প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ।

### জাতীয় রাজস্ব বোর্ড

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১২ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ/২৭ ডিসেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

নং **০৮.০১.০০০০.০১১.০১.০৪২.১৬.৬০৬**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ৪৩(১)(খ) ধারার বিধান, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ৬ নভেম্বর ২০১৬ খ্রিঃ তারিখের ৪৮.০০.০০০০.০০৪.৪৯.২৩৩.০৯-১৮৩২ নং প্রজ্ঞাপন এবং মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-৪৫১৩/২০১৯ এর ২৯-০৪-২০১৯ খ্রিঃ তারিখের আদেশের প্রেক্ষিতে মুজিবনগর কর্মচারীকে মুক্তিযোদ্ধা হিসেবে গণ্য করে জনাব অনিল কুমার সরকার (জন্ম তারিখ ২০-১২-১৯৬০ খ্রিঃ) সহকারী কমিশনার (চলতি দায়িত্ব), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব) ঢাকাকে তাঁর বয়স ৬০ বছর পূর্তিতে ১৯-১২-২০২০ খ্রিঃ তারিখ হতে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

০২। বর্ণিত কর্মকর্তার অনুকূলে ছুটি পাওনা সাপেক্ষে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ২০-১২-২০২০ খ্রিঃ তারিখ হতে ১৯-১২-২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বৎসরের অবসরোত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হল।

নং **০৮.০১.০০০০.০১১.০১.০১৩.১৬.৬০৭**—জনাব মোঃ আমজাদ হোসেন (জন্ম তারিখ ৩১-১২-১৯৬১ খ্রিঃ), সহকারী কমিশনার (চলতি দায়িত্ব), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব) ঢাকাকে ৩০-১২-২০২০ খ্রিঃ তারিখে তাঁর বয়স ৫৯ (উনষাট) বছর পূর্ণ হওয়ায় সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী চাকরি থেকে অবসর প্রদান করা হলো।

০২। বর্ণিত কর্মকর্তার অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ৩১-১২-২০২০ খ্রিঃ তারিখ হতে ৩০-১২-২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বৎসরের অবসরোত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হল।

**মোঃ শামসুদ্দীন**
দ্বিতীয় সচিব (শুঃভঃপ্রঃ-১)।

---

### অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
### অর্থ মন্ত্রণালয়
### অধিশাখা-৩ (শুল্ক)

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ অগ্রহায়ণ ১৪২৭/০২ ডিসেম্বর ২০২০

নং **০৮.০০.০০০০.০৩৮.১১.০৩১.১০-১৪৪**—বিসিএস (শুল্ক ও আবগারী) ক্যাডারের কর্মকর্তা মুহাম্মদ মুবিনুল কবীরকে World Customs Organization (WCO), ব্রাসেলস, বেলজিয়াম এ বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও মিনিস্টার (কাস্টমস) পদে (কূটনৈতিক মর্যাদায়) নিম্নবর্ণিত শর্তে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছরের জন্য নিয়োগ করা হলো :

| | | | |
|---|---|---|---|
| (ক) | বেতন | : | প্রচলিত সরকারি বিধি অনুযায়ী |
| (খ) | কূটনৈতিক মর্যাদা | : | মিনিস্টার (কাস্টমস) |
| (গ) | বৈদেশিক ভাতা | : | প্রচলিত সরকারি বিধি অনুযায়ী |
| (ঘ) | বাসস্থান | : | সরকারি বিধি অনুযায়ী প্রাপ্যতা অনুসারে সরকারি খরচে আসবাবপত্র সজ্জিত বাসস্থান |

| | | | |
|---|---|---|---|
| (ঙ) | আপ্যায়ন ভাতা | : | প্রচলিত সরকারি বিধি অনুযায়ী |
| (চ) | পোশাক-পরিচ্ছদ ভাতা | : | প্রচলিত সরকারি বিধি অনুযায়ী |
| (ছ) | বদলি ভাতা | : | তাঁর বর্তমান মূল বেতনের ৫০%, যার অর্ধেক দেশীয় মুদ্রায় বাংলাদেশ এবং অবশিষ্ট অর্ধেক বৈদেশিক মুদ্রায় ব্রাসেলসস্থ বাংলাদেশ দূতাবাস থেকে প্রদেয় । |
| (জ) | সন্তানের শিক্ষা ভাতা | : | প্রচলিত সরকারি বিধি অনুযায়ী |
| (ঝ) | চিকিৎসা ভাতা | : | সরকারি বিধি অনুযায়ী নিজের, স্পাউস ও সন্তানদের সরকারি খরচে চিকিৎসা ব্যবস্থা |
| (ঞ) | ভ্রমণ ব্যয় | : | সরকারি বিধি অনুযায়ী নিজের, স্পাউস ও সন্তানদের ঢাকা-ব্রাসেলস-ঢাকা ভ্রমণ ব্যয় সরকার বহন করবে। |
| (ট) | গৃহ পরিচারক/পরিচারিকা | : | ঢাকা-ব্রাসেলস-ঢাকা সংক্ষিপ্ততম ও অনুমোদিত পথে একজন গৃহপরিচারক/গৃহপরিচারিকা এর বিমান ভাড়া (বেতন-ভাতাদি সরকার কর্তৃক প্রদেয় নয়)। |
| (ঠ) | ব্যক্তিগত মালামাল পরিবহন | : | (১) প্রচলিত বিধিমতে ঢাকা হতে ব্রাসেলস পর্যন্ত তার ইন্সিডেন্টাল চার্জসহ ব্যক্তিগত মালামাল নিয়ে যাওয়ার পরিবহন ব্যয় সরকার বহন করবে।<br>(২) ব্যক্তিগত মালামালের প্যাকিং এবং ক্রেটিং চার্জ প্রদান করা হবে না।<br>(৩) সর্বোচ্চ ২০,০০০/- (বিশ হাজার) টাকা পর্যন্ত মূল্যের ব্যক্তিগত মালামালের বিমার জন্য সরকার প্রিমিয়াম প্রদান করবে। |
| (ড) | নিয়োগের মেয়াদ | : | World Customs Organization (WCO) এর বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও মিনিস্টার (কাস্টমস) পদে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর। |
| (ঢ) | যোগদানের সময় | : | প্রচলিত সরকারি বিধি মোতাবেক অর্থাৎ ভ্রমণের প্রকৃত সময় ও তৎসহ প্রস্তুতি গ্রহণের জন্য ০৬ (ছয়) দিন। |
| (ণ) | অন্যান্য | : | (১) ০১-০১-১৯৯২ এর পর জন্মগ্রহণকারী ০২ (দুই) এর অধিক কোনো সন্তানকে সরকার কর্তৃক যাতায়াত ও দৈনিক ভাতা অথবা অন্য কোনো প্রকার সুযোগ-সুবিধা প্রদেয় নয়।<br>(২) যেক্ষেত্রে এ পত্রে কোনো বিধান নেই, সেক্ষেত্রে সিভিল সার্ভিস (শ্রেণি বিষয়ক) নিয়োগ ও আপীল বিধিমালার সংশ্লিষ্ট ধারায় এবং তাঁর সমমর্যাদার সরকারি কর্মকর্তাদের চাকরির শর্তাবলি প্রযোজ্য হবে।<br>(৩) World Customs Organization (WCO) ব্রাসেলস, বেলজিয়ামে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও মিনিস্টার (কাস্টমস) হিসেবে দায়িত্ব পালন করবেন এবং তার কার্যক্রম সম্পর্কে লিখিতভাবে (ন্যূনতম সাপ্তাহিক, মাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক ও বার্ষিক) প্রতিবেদন যথাযথভাবে (ক্ষেত্রমত ই-মেইল, ফ্যাক্স ও পত্রযোগে) অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করবেন। |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আহসান হাবিব**
উপসচিব।

---

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**বিশেষায়িত ব্যাংক-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ পৌষ ১৪২৭/২৪ ডিসেম্বর ২০২০

নং **৫৩.০০.০০০০.৩২২.১৩.০০১.২০-২০৪**—বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের উপব্যবস্থাপনা পরিচালক জনাব মোহাম্মদ শাহজাহান-এর জন্ম তারিখ ০৭-০১-১৯৬২। তাঁর বয়স ৫৯ বছর পূর্তিতে ০৬-০১-২০২১ তারিখে অবসর এবং ০৭-০১-২০২১ থেকে ০৬-০১-২০২২ তারিখ পর্যন্ত অবসর-উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

০২। রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের মহাব্যবস্থাপক ও তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণের জন্য প্রণীত পদোন্নতি, নিয়োগ ও পদায়ন সংক্রান্ত আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক জারীকৃত ১১-১১-২০১৯ তারিখের প্রজ্ঞাপন নম্বর ৫৩.০০.০০০০.৩১২.২২.০০২.১৯-২০৬ এর শর্তাবলীর ১০(খ) ও ১০(গ) উপ-অনুচ্ছেদের বিধান অনুযায়ী তিনি অবসর সংক্রান্ত যাবতীয় সুবিধাদি প্রাপ্য হবেন।

০৩। সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ৪৭ ধারা এবং বিদ্যমান পেনশন নীতিমালার আলোকে অবসর সুবিধাদি প্রদানের বিষয়টি নিষ্পত্তি করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ সিদ্দিকুর রহমান**
সিনিয়র সহকারী সচিব।

## অর্থ বিভাগ
## প্রশাসন-২ অধিশাখা

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ পৌষ ১৪২৭/২৯ ডিসেম্বর ২০২০

নং **০৭.০০.০০০০.০৮২.১২.০০৬.২০-৪২৮**—বিসিএস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়কে কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এবং ডেপুটি সিএন্ডএজি (সিনিয়র) {"জাতীয় বেতন স্কেল, ২০১৫" এর গ্রেড-১ টাকা ৭৮,০০০ (নির্ধারিত)} পদে পদোন্নতি প্রদানপূর্বক নামের পাশে বর্ণিত পদে নির্দেশক্রমে পদায়ন করা হলো :

| ক্রমিক | কর্মকর্তার নাম, বর্তমান পদবি, কর্মস্থল ও গ্রেডেশন নম্বর | পদায়নকৃত পদ |
|---|---|---|
| ০১. | মোঃ নূরুল ইসলাম<br>কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, ঢাকা।<br>গ্রেডেশন নং-৪৬ | কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, (সিনিয়র) গ্রেড-১ |
| ০২. | মনোয়ারা হাবীব<br>মহাপরিচালক, ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট একাডেমী (ফিমা), ঢাকা।<br>গ্রেডেশন নং-৪৮ | ডেপুটি সিএন্ডএজি (সিনিয়র) গ্রেড-১ |

০২। পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাগণ বিধি মোতাবেক বেতন-ভাতাদি প্রাপ্য হবেন।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. নাছিমা আকতার**
উপসচিব।

---

**[একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত]**

## গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
## প্রশাসন অধিশাখা-১

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৮ পৌষ ১৪২৭/২৩ ডিসেম্বর ২০২০

নং **২৫.০০.০০০০.০১৩.১৯.০০৪.২০২০-৯০**—বিসিএস (গণপূর্ত) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত যোগদানের তারিখ হতে 'সহকারী প্রকৌশলী (সিভিল) ও (ই/এম)' পদে চাকরিতে স্থায়ী করা হলো :

| ক্রম: | কর্মকর্তার নাম ও পদবি | যোগদানের তারিখ | ক্রম: | কর্মকর্তার নাম ও পদবি | যোগদানের তারিখ |
|---|---|---|---|---|---|
| ০১. | জনাব মাহবুবুল আলম শামীম<br>সহকারী প্রকৌশলী (সিভিল) | ০৭-০৮-২০১৪ | ১২. | জনাব আনোয়ার হোসেন<br>সহকারী প্রকৌশলী (সিভিল) | ০৩-০৯-২০১৮ |
| ০২. | জনাব দীপক চন্দ্র শীল<br>সহকারী প্রকৌশলী (সিভিল) | ০১-০৬-২০১৬ | ১৩. | জনাব মোঃ ইকবাল শিকদার<br>সহকারী প্রকৌশলী (সিভিল) | ০৩-০৯-২০১৮ |
| ০৩. | জনাব মোঃ রুবাইয়াত হোসেন<br>সহকারী প্রকৌশলী (সিভিল) | ০২-০৫-২০১৭ | ১৪. | জনাব মিঠুন মিস্ত্রী<br>সহকারী প্রকৌশলী (সিভিল) | ০৩-০৯-২০১৮ |
| ০৪. | জনাব উৎপল পোদ্দার<br>সহকারী প্রকৌশলী (সিভিল) | ০৩-০৯-২০১৮ | ১৫. | জনাব পূষন চক্রবর্তী<br>সহকারী প্রকৌশলী (সিভিল) | ০৩-০৯-২০১৮ |
| ০৫. | জনাব মোঃ রাকিবুল ইসলাম<br>সহকারী প্রকৌশলী (সিভিল) | ০৩-০৯-২০১৮ | ১৬. | জনাব আসিফ রহমান নাহিদ<br>সহকারী প্রকৌশলী (ই/এম) | ০৩-০৯-২০১৮ |
| ০৬. | জনাব মোঃ আরিফুল ইসলাম<br>সহকারী প্রকৌশলী (সিভিল) | ০৩-০৯-২০১৮ | ১৭. | জনাব সবুজ কুমার সান্ন্যাল<br>সহকারী প্রকৌশলী (ই/এম) | ০৩-০৯-২০১৮ |
| ০৭. | জনাব মোঃ আব্দুস ছাত্তার<br>সহকারী প্রকৌশলী (সিভিল) | ০৩-০৯-২০১৮ | ১৮. | জনাব কবির মোড়ল<br>সহকারী প্রকৌশলী (ই/এম) | ০৩-০৯-২০১৮ |
| ০৮. | জনাব নাইমুর রহমান<br>সহকারী প্রকৌশলী (সিভিল) | ০৩-০৯-২০১৮ | ১৯. | জনাব তন্ময় কর্মকার<br>সহকারী প্রকৌশলী (ই/এম) | ০৩-০৯-২০১৮ |
| ০৯. | জনাব মোঃ খালেকুজ্জামান মোল্লা<br>সহকারী প্রকৌশলী (সিভিল) | ০৩-০৯-২০১৮ | ২০. | জনাব সন্জয় হালদার<br>সহকারী প্রকৌশলী (ই/এম) | ০৩-০৯-২০১৮ |
| ১০. | জনাব মোঃ নাজমুল হক<br>সহকারী প্রকৌশলী (সিভিল) | ০৩-০৯-২০১৮ | ২১. | জনাব সোমা দাস<br>সহকারী প্রকৌশলী (ই/এম) | ০৩-০৯-২০১৮ |
| ১১. | জনাব তাওহীদ কামিয়াব<br>সহকারী প্রকৌশলী (সিভিল) | ০৩-০৯-২০১৮ | ২২. | জনাব রাবেয়া বসরী<br>সহকারী প্রকৌশলী (ই/এম) | ০৩-০৯-২০১৮ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোতাহার হোসেন**
উপসচিব।

## যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
## (ক্রীড়া-২ শাখা)

### প্রজ্ঞাপন

তারিখ : ১৪ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ/২৯ ডিসেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

নং **৩৪.০০.০০০০.০৮০.৩৮.০০১.১১-২৬৬**—যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বিভাগীয় পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক কমিটির ২২-১২-২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশের আলোকে ক্রীড়া পরিদপ্তরের নিয়ন্ত্রণাধীন সরকারি শারীরিক শিক্ষা কলেজের নিম্নবর্ণিত ০৪ (চার) জন প্রভাষক-কে উপাধ্যক্ষ পদে (জাতীয় বেতনস্কেল ২০১৫, এর টাকা ৩৫,৫০০-৬৭,০১০/-, ৬ষ্ঠ গ্রেড) পদোন্নতি প্রদান করা হলো :

| ক্র: নং | নাম, পদবি ও বর্তমান কর্মস্থল |
|---|---|
| ০১। | জনাব মোঃ মজিবুর রহমান<br>প্রভাষক, সরকারি শারীরিক শিক্ষা কলেজ, ঢাকা। |
| ০২। | জনাব মোঃ হাবিবুর রহমান মজুমদার<br>প্রভাষক, সরকারি শারীরিক শিক্ষা কলেজ, রাজশাহী। |
| ০৩। | জনাব মোঃ আব্দুল হাকিম মিয়া<br>প্রভাষক, সরকারি শারীরিক শিক্ষা কলেজ, ঢাকা। |
| ০৪। | জনাব মোঃ আব্দুল মালেক তালুকদার<br>প্রভাষক, খুলনা বিভাগীয় শারীরিক শিক্ষা কলেজ, বাগেরহাট। |

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জাহাঙ্গীর হাওলাদার**
সহকারী সচিব।

---

## কৃষি মন্ত্রণালয়
## সম্প্রসারণ-৩ অধিশাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১৫ পৌষ ১৪২৭/৩০ ডিসেম্বর ২০২০

নং **১২.০০.০০০০.০৫৪.৯৯.০০৭.১৯-২০৬**—মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোঃ আবদুল বারী-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩ অনুযায়ী ৩০-১২-২০২০ খ্রিঃ তারিখে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। তাঁর অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্রান্টসহ ৩১-১২-২০২০ খ্রিঃ হতে ৩০-১২-২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত ১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

নং **১২.০০.০০০০.০৫৪.৯৯.০০৭.১৯-২০৭**—মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের নন-ক্যাডার অংশের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মহিউদ্দিন আহম্মদ-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩ অনুযায়ী ৩১-১২-২০২০ খ্রিঃ তারিখে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। তাঁর অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্রান্টসহ ০১-০১-২০২১ খ্রিঃ হতে ৩১-১২-২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত ১ (এক) বছরের অবসর উত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: মনিরুজ্জামান**
উপসচিব।

---

## মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
## প্রাণিসম্পদ-৪ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ২২ অগ্রহায়ণ ১৪২৭ ব:/০৭ ডিসেম্বর ২০২০ খ্রিঃ

নং **৩৩.০০.০০০০.১২০.৩৩.০০৭.১৯-১৯৬**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০-০৬-২০০৫ খ্রিঃ এর এস, আর, ও নং ১৮২-আইন/২০০৫/ সম/বিধি-১/এস-৯/২০০০ স্মারকে জারীকৃত "উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা, ২০০৫" এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১০-০৮-২০২০ তারিখের ৮০.০০.০০০০.১০৮.৩২.০৪৫.১৯-১০৯ সংখ্যক পত্রের সুপারিশের পরিপ্রেক্ষিতে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর আওতাধীন প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "হ্যাচারিসহ আঞ্চলিক হাঁস প্রজনন খামার স্থাপন (২য় পর্যায়)" শীর্ষক সমাপ্ত প্রকল্পে ০২-০৫-২০১৬ তারিখে অস্থায়ীভাবে রাজস্বখাতে পদায়নকৃত ১ম শ্রেণির নিম্নবর্ণিত ৩ (তিন) জন কর্মকর্তার চাকরি তাদের নাম, পদবি, বর্তমান কর্মস্থল এবং সুপারিশকৃত পদের নাম উল্লেখপূর্বক নিয়মিতকরণে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি :

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবি | বর্তমান কর্মস্থল | সুপারিশকৃত পদের নাম |
|---|---|---|---|
| ১ | ডাঃ এইচ. এম. শাহাদাৎ<br>পোল্ট্রি ডেভেলপমেন্ট অফিসার | আঞ্চলিক হাঁস প্রজনন খামার, রাঙ্গামাটি। | পোল্ট্রি ডেভেলপমেন্ট অফিসার |
| ২ | মোসাম্মাৎ আয়েশা সুলতানা<br>পোল্ট্রি ডেভেলপমেন্ট অফিসার | ডাক রিয়ারিং ইউনিট, ময়মনসিংহ। | পোল্ট্রি ডেভেলপমেন্ট অফিসার |
| ৩ | ডাঃ শিশির স্বপন চাকমা<br>পোল্ট্রি ডেভেলপমেন্ট অফিসার | ডাক রিয়ারিং ইউনিট, নেত্রকোনা। | পোল্ট্রি ডেভেলপমেন্ট অফিসার |

২। উল্লিখিত কর্মকর্তাদের জ্যেষ্ঠতা, প্রকল্পের চাকরিকাল, বেতন, ছুটি, পেনশন ও অন্যান্য আনুষঙ্গিক সুবিধাদি নির্ধারণের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের (বিধি-১ শাখা) কর্তৃক ২০-০৬-২০০৫ তারিখে জারীকৃত 'উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা, ২০০৫' প্রযোজ্য হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

৪। এই প্রজ্ঞাপন জারির তারিখ হতে নিয়মিতকরণের আদেশ কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আলমগীর হুছাইন**
উপসচিব।

**প্রাণিসম্পদ-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২০ পৌষ ১৪২৭/০৪ জানুয়ারি ২০২১

নং **৩৩.০০.০০০০.১১৭.১৯.০০৩.১২-০৪**—এ মন্ত্রণালয়ের প্রাণিসম্পদ পরিকল্পনা-২ শাখার ২৩-১২-২০২০ তারিখের ২১০ নং প্রজ্ঞাপনে বিসিএস (লাইভস্টক) ক্যাডারের কর্মকর্তা ডা: মোহাম্মদ ফজলে রাব্বি মন্ডল (গ্রেডেশন নং-১২১১) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সাভার, ঢাকাকে "পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ করায় তাকে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লিভ/ডেপুটেশন/ট্রেনিং/রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকায় ন্যস্ত করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাদিরা হায়দার**
উপসচিব।

---

**মৎস্য-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৯ পৌষ ১৪২৭/০৩ জানুয়ারি ২০২১

নং **৩৩.০০.০০০০.১২৬.১৯.০০১.১৯-০১**—বিসিএস (মৎস্য) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাদের-কে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পদ ও কর্মস্থলে বদলি/পদায়ন করা হলো :—

১। ড. মঈন উদ্দিন আহামদ, সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, খাগড়াছড়ি—জেলা মৎস্য কর্মকর্তা খাগড়াছড়ি।

২। জনাব মোঃ আব্দুল ওয়াহেদ মন্ডল, সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, লালমনিরহাট—সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, রাজশাহী।

৩। জনাব প্রীতি কনা পাল, সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, মানিকগঞ্জ—জেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

৪। জনাব মোঃ নজরুল ইসলাম, সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, টাঙ্গাইল—সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, হবিগঞ্জ অতিরিক্ত দায়িত্ব জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, হবিগঞ্জ।

৫। জনাব বাবুল কৃষ্ণ ওঝা, জেলা মৎস্য কর্মকর্তা ঝালকাঠি—জেলা মৎস্য কর্মকর্তা মাদারীপুর।

৬। জনাব ফিরোজ আহাম্মেদ, সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নওগাঁ—জেলা মৎস্য কর্মকর্তা নওগাঁ।

৭। জনাব মোহাম্মদ ফারুকুল ইসলাম, জেলা মৎস্য কর্মকর্তা নড়াইল—জেলা মৎস্য কর্মকর্তা লালমনিরহাট।

৮। জনাব মোঃ খালিদুজ্জামান, সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, রংপুর—জেলা মৎস্য কর্মকর্তা ঠাকুরগাঁও।

৯। জনাব মোঃ আবু সাইদ, জেলা মৎস্য কর্মকর্তা বরিশাল—সিনিয়র সহকারী পরিচালক, উপপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা।

১০। জনাব মোঃ আবুল কালাম আজাদ, জেলা মৎস্য কর্মকর্তা বরগুনা—জেলা মৎস্য কর্মকর্তা পাবনা।

১১। জনাব মোঃ সাইফুর রহমান, সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নারায়ণগঞ্জ— জেলা মৎস্য কর্মকর্তা মানিকগঞ্জ।

১২। জনাব প্রণব কুমার কর্মকার, সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, কিশোরগঞ্জ— জেলা মৎস্য কর্মকর্তা শরীয়তপুর।

১৩। জনাব মুহাম্মদ দেলোয়ার হোসেন, সিনিয়র সহকারী পরিচালক, উপপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা—জেলা মৎস্য কর্মকর্তা গাজীপুর।

১৪। জনাব দীপক কুমার পাল, সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, জয়পুরহাট—জেলা মৎস্য কর্মকর্তা চুয়াডাঙ্গা।

১৫। জনাব মুহাম্মদ নাসির উদ্দীন, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা পটুয়াখালী সদর, পটুয়াখালী—প্রেষণে উপপ্রকল্প পরিচালক (নিজ বেতনে) ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা ও সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়), মৎস্য অধিদপ্তর বরিশাল বিভাগ, বরিশাল।

১৬। জনাব বি, এম, মোস্তফা কামাল, প্রেষণে সহকারী পরিচালক, জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্প, মৎস্য অধিদপ্তর মৎস্য ভবন, রমনা, ঢাকা—সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, মানিকগঞ্জ সংযুক্ত জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্প, মৎস্য অধিদপ্তর মৎস্য ভবন, ঢাকা।

১৭। জনাব সুলতানা লায়লা তাসনীম, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নকলা, শেরপুর—সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, শেরপুর।

১৮। জনাব অভিজিৎ শীল, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ফকিরহাট, বাগেরহাট—সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, ঝালকাঠি।

১৯। জনাব মোঃ আসাদুজ্জামান, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ভোলা সদর, ভোলা—সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, বরিশাল অতিরিক্ত দায়িত্ব জেলা মৎস্য কর্মকর্তা, বরিশাল।

২০। জনাব মোঃ ফয়সাল আযম, সহকারী পরিচালক, উপপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর, রংপুর বিভাগ, রংপুর—সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, দিনাজপুর।

২১। জনাব এলিজ ফারজানা, সহকারী পরিচালক মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা—সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, সুনামগঞ্জ সংযুক্ত উপপরিচালক (প্রশাসন)-এর দপ্তর, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

২২। জনাব এইচ, এম, বদরুজ্জামান, সহকারী পরিচালক উপপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা—সিনিয়র সহকারী পরিচালক জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নড়াইল অতিরিক্ত দায়িত্ব জেলা মৎস্য কর্মকর্তা, নড়াইল।

২৩। জনাব মোহাম্মদ ইকবাল হোসেন, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, আদর্শ সদর, কুমিল্লা—সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, কক্সবাজার।

২৪। জনাব মোঃ তৌফিকুল ইসলাম, সহকারী পরিচালক জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, খুলনা—সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, যশোর।

২৫। জনাব মোঃ আনোয়ার কবীর, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা ঝিকরগাছা, যশোর—সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, মাগুরা।

২৬। জনাব বিশ্বজিৎ কুমার দেব, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা যশোর সদর, যশোর—সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, বরগুনা অতিরিক্ত দায়িত্ব জেলা মৎস্য কর্মকর্তা, বরগুনা।

২৭। জনাব মোঃ শামশুল করিম, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা গোদাগাড়ী, রাজশাহী—সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, লালমনিরহাট।

২৮। জনাব মোঃ জাহাঙ্গীর আলম, প্রেষণে সহকারী পরিচালক, জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্প, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা—সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নড়াইল সংযুক্ত জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্প, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

২৯। জনাব মুহম্মদ মিজানুর রহমান, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ কর্মকর্তা, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ দপ্তর, চট্টগ্রাম—সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, রাঙ্গামাটি।

৩০। জনাব মোঃ মাহবুবুর রহমান, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা নওগাঁ সদর, নওগাঁ—সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, বগুড়া।

৩১। জনাব মোহাম্মদ শাহজাহান কবীর, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা গোপালপুর, টাঙ্গাইল—সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নেত্রকোণা।

৩২। জনাব শায়লা আক্তার, উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা—সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, জামালপুর সংযুক্ত উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা) এর দপ্তর, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

৩৩। জনাব শবনম মোস্তারী, সহকারী পরিচালক (অর্থ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা—সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নরসিংদী সংযুক্ত উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা) এর দপ্তর, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

৩৪। জনাব মোঃ শাহীনুর রহমান, সহকারী পরিচালক, উপপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী—প্রেষণে উপপ্রকল্প পরিচালক (নিজ বেতনে) ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা ও সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়), মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।

৩৫। জনাব মোঃ গোলাম মেহেদী হাসান, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মান্দা, নওগাঁ—সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নাটোর।

৩৬। জনাব মোঃ ফরহাদুর রেজা, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, জীবননগর, চুয়াডাঙ্গা—সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, ঝিনাইদহ।

৩৭। জনাব ফারহানা আহমেদ, প্রেষণে সহকারী পরিচালক, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ-II প্রজেক্ট, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা—সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, মেহেরপুর সংযুক্ত ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ-II প্রজেক্ট, মৎস্য অধিদপ্তর, ঢাকা।

৩৮। জনাব আয়েশা সিদ্দিকা, সহকারী পরিচালক, মৎস্য প্রশিক্ষণ একাডেমী সাভার, ঢাকা—সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, ঢাকা।

৩৯। জনাব প্রশান্ত কুমার সরকার, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা কোটালীপাড়া, গোপালগঞ্জ—সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, গোপালগঞ্জ।

৪০। জনাব মোঃ জিল্লুর রহমান, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ কর্মকর্তা কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজারের কার্যালয়, কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরি, খুলনা—সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, খুলনা সংযুক্ত কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরি, খুলনা।

৪১। জনাব ড. মোঃ খালেদ কনক, জেলা মৎস্য কর্মকর্তা, বাগেরহাট—প্রেষণে উপপ্রকল্প পরিচালক Sustainable Coastal and Marine Fisheries (SCMF), প্রকল্প, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

৪২। ড. মুহাম্মদ তানভীর হোসেন চৌধুরী, প্রেষণে উপপ্রকল্প পরিচালক, Sustainable Coastal and Marine Fisheries (SCMF) প্রকল্প, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা—উপ-প্রধান (সামুদ্রিক) মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

৪৩। জনাব এস এম রাসেল, জেলা মৎস্য কর্মাকর্তা, লালমনিরহাট—জেলা মৎস্য কর্মাকর্তা, বাগেরহাট।

৪৪। জনাব রিপন কান্তি ঘোষ, জেলা মৎস্য কর্মাকর্তা, মাদারীপুর—জেলা মৎস্য কর্মাকর্তা, ঝালকাঠি।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হাফছা বেগম**
উপসচিব।

## প্রাণিসম্পদ-১ অধিশাখা

## প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২০ পৌষ ১৪২৭/০৪ জানুয়ারি ২০২১

নং **৩৩.০০.০০০০.১১৭.১৯.০০১.১৬-০৫**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত বিসিএস (লাইভস্টক) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তাঁর নামের পাশে বর্ণিত পদে বদলি/পদায়ন করা হলো।

| ক্রমিক নং | গ্রেডেশন নং | কর্মকর্তার নাম, পদবি ও বর্তমান কর্মস্থল | বদলিকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|---|
| ১ | ১১৯৩ | ডা: মো: মকবুল হোসেন<br>অতিরিক্ত জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুড়িগ্রাম। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লিভ, ডেপুটেশন, ট্রেনিং এন্ড রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।<br>প্রেষণে-প্রশিক্ষণ সমন্বয়ক, জনস্বাস্থ্য সুরক্ষায় পাবলিক হেলথ সার্ভিস জোরদারকরণ প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ১৫ পৌষ ১৪২৭/৩০ ডিসেম্বর ২০২০

নং **৩৩.০০.০০০০.১১৭.১৯.০০৩.১২-৬৩৬**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত বিসিএস (লাইভস্টক) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাঁদের নামের পাশে বর্ণিত পদে বদলি/পদায়ন করা হলো।

| ক্রমিক নং | গ্রেডেশন নং | কর্মকর্তার নাম, পদবি ও বর্তমান কর্মস্থল | বদলিকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|---|
| ১ | ১২১৩ | ডা: কবীর উদ্দিন আহম্মেদ<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ সদর। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালিয়া, নড়াইল। |
| ২ | ১১৫৬ | ডা: এস এম মাহবুবুর রহমান<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আদমদিঘী, বগুড়া। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বাঘমারা, রাজশাহী। |
| ৩ | ১৪৩২ | ডা: মো: তোফাজ্জল হোসেন<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভাঙ্গুরা, পাবনা। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, শরণখোলা, বাগেরহাট। |
| ৪ | ১২৫৭ | জনাব মো: ফরহাদ হোসেন<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, অষ্টগ্রাম, কিশোরগঞ্জ। |
| ৫ | ১১৭৪ | ড. মোস্তফা কামাল চৌধুরী<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কলমাকান্দা, নেত্রকোণা। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর। |
| ৬ | ১৩৭১ | ডা: মো: নাজমুল হক<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লিভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।<br>প্রেষণে-ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফেনী সদর, ফেনী। |
| ৭ | ১৩০০ | ডা: শারমিন সামাদ<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, শ্রীমংগল, মৌলভীবাজার। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লিভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।<br>প্রেষণে-ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |
| ৮ | ১৮৯৭ | ডা: মোঃ শফিকুল আলম<br>ভেটেরিনারি সার্জন<br>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, মেলান্দহ, জামালপুর। | ভেটেরিনারি সার্জন<br>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, পলাশ, নরসিংদী। |
| ৯ | ১৮২৮ | ডা: কর্ণ চন্দ্র মল্লিক<br>ভেটেরিনারি সার্জন<br>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, দেবিদ্বার, কুমিল্লা। | ভেটেরিনারি সার্জন<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, শ্রীমংগল, মৌলভীবাজার। |
| ১০ | ১৯০৫ | ডাঃ তানজিলা ফেরদৌসী<br>ভেটেরিনারি সার্জন<br>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, ঈশ্বরদী, পাবনা। | ভেটেরিনারি সার্জন<br>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, ত্রিশাল, ময়মনসিংহ। |

২। বর্ণিত কর্মকর্তাগণ ০৩-০১-২০২১ তারিখের মধ্যে দায়িত্ব হস্তান্তর করে বদলিকৃত কর্মস্থলে যোগদান করবেন। অন্যথায় ০৪-০১-২০২১ তারিখ পূর্বাহ্ণ হতে তাৎক্ষণিকভাবে অবমুক্ত (Stand Released) বলে গণ্য হবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৩৩.০০.০০০০.১১৭.১৯.০৯১.০৯-৬৩৭**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত বিসিএস (লাইভস্টক) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাঁদের নামের পাশে বর্ণিত পদে বদলি/পদায়ন করা হলো।

| ক্রমিক নং | গ্রেডেশন নং | কর্মকর্তার নাম, পদবি ও বর্তমান কর্মস্থল | বদলিকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|---|
| ১ | ১০৬৬ | ডাঃ কাজী আশরাফুল ইসলাম<br>জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট। | সহকারী পরিচালক,<br>জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, ঈশ্বরদী, পাবনা। |
| ২ | ৯২০ | ডাঃ মোঃ আব্দুর রহিম<br>সহকারী পরিচালক,<br>জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, ঈশ্বরদী, পাবনা। | প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার, এফডিআইএল, যশোর। |
| ৩ | ১১৩৪ | ডাঃ মোঃ রুস্তম আলী<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,<br>লিভ/ডেপুটেশন/ট্রেনিং/রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।<br>(জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/সমমান পদে পদোন্নতিপ্রাপ্ত) সংযুক্তি-এফডিআইএল, জয়পুরহাট। | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট। |
| ৪ | ১১৩৮ | ডাঃ মোঃ রানা মিয়া<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মুক্তাগাছা, ময়মনসিংহ। (জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/সমমান পদে পদোন্নতিপ্রাপ্ত) | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, টাংগাইল। |

২। বর্ণিত কর্মকর্তাগণ ০৩-০১-২০২১ তারিখের মধ্যে দায়িত্ব হস্তান্তর করে বদলিকৃত কর্মস্থলে যোগদান করবেন। অন্যথায় ০৪-০১-২০২১ তারিখ পূর্বাহ্ন হতে তাৎক্ষণিকভাবে অবমুক্ত (Stand Released) বলে গণ্য হবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাদিরা হায়দার**
উপসচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**(সরকারি মাধ্যমিক-৩)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ/২০ ডিসেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

নং **৩৭.০০.০০০০.০৭১.১৫.৬৮৩.১৮-৯৯৮**—লালবাগ মডেল স্কুল এন্ড কলেজ, লালবাগ, ঢাকাকে সরকারি করায় উক্ত শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত নিম্নবর্ণিত ২ (দুই) জন শিক্ষককে "জাতীয়করণকৃত কলেজ শিক্ষক ও অ-শিক্ষক কর্মচারী আত্তীকরণ বিধিমালা-২০০০" এর বিধি-৩ এবং ০৫ এ বর্ণিত বিধান অনুযায়ী তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পদে নিম্নোক্ত শর্ত মোতাবেক সরকারিকরণের তারিখ (১৮-০৯-২০১৭ খ্রি.) হতে এডহক ভিত্তিতে নিয়োগ প্রদান পূর্বক লালবাগ মডেল স্কুল এন্ড কলেজ-এ পদায়ন করা হলো :

| ক্রঃ নং | কর্মরত শিক্ষকের নাম ও জন্ম তারিখ | পদবি | বিষয় | জাতীয় বেতন স্কেল (২০১৫) |
|---|---|---|---|---|
| ১. | এ জি এম এমদাদুল হক<br>জন্ম তারিখ : ০১-০৩-১৯৮১ | প্রভাষক | বাংলা | ২২০০০-৫৩০৬০/- |
| ২. | মোহাম্মদ নাজমুল আলম<br>জন্ম তারিখ : ০২-১০-১৯৮১ | প্রভাষক | গণিত | ২২০০০-৫৩০৬০/- |

০২। "জাতীয়করণকৃত কলেজ শিক্ষক ও অ-শিক্ষক কর্মচারী আত্তীকরণ বিধিমালা-২০০০" এর বিধি-০৬ এ বর্ণিত বিধান অনুযায়ী মোতাবেক বর্ণিত শিক্ষক/শিক্ষিকাদের শারীরিক সুস্থতা ও প্রাক চরিত্র সম্পর্কে যথাযথ কর্তৃপক্ষের সন্তোষজনক রিপোর্ট এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পি.এস.সি.) সুপারিশের ভিত্তিতে (প্রযোজ্য ক্ষেত্রে) পরবর্তীতে যথাযথ প্রক্রিয়ায় তাদের চাকুরী নিয়মিত ও স্থায়ী করা হবে।

০৩। **শর্তসমূহ :**

ক. সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে হবে;

খ. প্রচলিত বিধি-বিধান অনুযায়ী চাকরি নিয়মিতকরণ ও স্থায়ীকরণ করা হবে;

গ. প্রচলিত বিধি মোতাবেক তাদের জ্যেষ্ঠতা ও বেসরকারি আমলে কর্মরত চাকরিকাল গণনা করা হবে;

ঘ. যদি তাঁরা কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

ঙ. আদেশ জারির তারিখ হতে সংশ্লিষ্ট শিক্ষক, শিক্ষিকাগণের Monthly Payment Order (MPO) বাতিল বলে গণ্য হবে এবং তারা সরকারি বিধি মোতাবেক বেতন-ভাতা প্রাপ্য হবেন;

